



চট্টগ্রাম সিটি কর্পোরেশন

জনসংযোগ শাখা

প্রেস বিজ্ঞপ্তি

চট্টগ্রাম- ১২ নভেম্বর ২০১৭খ্রি.

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের পঞ্চবার্ষিকী কর পুনঃমূল্যায়ন বিষয়ে আপিলকারীদের রিভিউ বোর্ডের শুনানীতে ২২৭ জন হোল্ডারের আপত্তি নিষ্পত্তি শেষে ভেল্যু কমল ৭৫.৯৭%

১২ নভেম্বর ২০১৭ খ্রি. সার্কেল -৭ এর আপিলকারীদের আপিল নিষ্পত্তির জন্য সকাল ১১ টা থেকে রিভিউ বোর্ড এর কার্যক্রম শুরু হয়। আজ ২২৭টি আপত্তি নিষ্পত্তি করা হয়। আজকের শুনানীতে আপিল রিভিউ বোর্ডে উপস্থিত হওয়ার জন্য ২৩৫ জন হোল্ডার এর নিকট পত্র প্রেরণ করা হলে তন্মধ্যে ২২৭ জন হোল্ডার আপীল রিভিউ বোর্ডে শুনানীর জন্য উপস্থিত হন। আপীল রিভিউ বোর্ড হোল্ডারদের আপত্তি আমলে নিয়ে নির্ধারিত ভেল্যু থেকে গড়ে ৭৫.৯৭% ছাড় দিয়েছে। এছাড়াও ২৩ জন গরীব ও মুক্তিযোদ্ধা হোল্ডারকে বছরে নামমাত্র ৫১ টাকা হোল্ডিং ট্যাক্স নির্ধারন করা হয়েছে এবং ২৪ জন হোল্ডারের পৌরকর পূর্বের হার বহাল রাখা হয়েছে। আপিল রিভিউ বোর্ড ২২৭ জন হোল্ডারের অ্যাসেসমেন্ট ভেল্যু ২ কোটি ৫৫ লক্ষ ২৮ হাজার ৯ শত টাকা থেকে কমিয়ে ৬১ লক্ষ ৩৫ হাজার ৭ শত টাকা ভেল্যু ধার্য করেছে। ফলে অ্যাসেসমেন্ট ভ্যালু থেকে ১ কোটি ৯৩ লক্ষ ৯৩ হাজার ২ শত টাকা ভেল্যু কমল। আপিল রিভিউ বোর্ড দু'ভাগে বিভক্ত হয়ে শুনানীতে অংশ নেন। মেয়র দপ্তরে অনুষ্ঠিত শুনানীতে সভাপতিত্ব করেন মেয়র আ জ ম নাছির উদ্দীন এবং প্রধান রাজস্ব কর্মকর্তার দপ্তরে রিভিউ বোর্ডের শুনানীতে মেয়রের পক্ষে সভাপতিত্ব করেন কাউন্সিলর হাবিবুল হক। আপিল রিভিউ বোর্ড সদস্য প্রকৌশলী এম.আবদুর রশিদ, এডভোকেট চন্দন বিশ্বাস, প্রধান রাজস্ব কর্মকর্তা ড. মুহম্মদ মুস্তাফিজুর রহমান, কর কর্মকর্তা ও উপ কর কর্মকর্তা সহ সংশ্লিষ্ট কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেন।

চট্টগ্রাম- ১২ নভেম্বর ২০১৭খ্রি.

সাবেক মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের সভাপতি এ বি এম মহিউদ্দিন চৌধুরীকে দেখতে গেলেন সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাবেক মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের সভাপতি আলহাজ্ব এ বি এম মহিউদ্দিন চৌধুরী অসুস্থ হয়ে নগরীর ম্যাক্স হাসপাতালে আইসিইউ -তে চিকিৎসাধীন আছেন। ১২ নভেম্বর ২০১৭ খ্রি. রবিবার, সকাল ১০ টায় নগরীর ম্যাক্স হাসপাতালে বর্ষিয়ান জননেতা সাবেক মেয়র এ বি এম মহিউদ্দিন চৌধুরীকে দেখতে গেলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন। এ সময় তিনি সাবেক মেয়রের আশু আরোগ্য কামনা করে আল্লাহর দরবারে দোয়া করেন।

চট্টগ্রাম- ১২ নভেম্বর ২০১৭খ্রি.

সাবেক মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের সভাপতি এ বি এম মহিউদ্দিন চৌধুরীকে উন্নত চিকিৎসার জন্য হেলিকপ্টার যোগে ঢাকা প্রেরন পাশে ছিলেন সিটি মেয়র আ জ ম নাছির উদ্দীন সহ অন্যরা।

চট্টগ্রাম সিটি কর্পোরেশনের সাবেক মেয়র ও চট্টগ্রাম মহানগর আওয়ামী লীগের সভাপতি আলহাজ্ব এ বি এম মহিউদ্দিন চৌধুরী গুরুতর অসুস্থ হয়ে নগরীর ম্যাক্স হাসপাতালে আইসিইউ-তে চিকিৎসাধীন ছিলেন। অবস্থার অবনতি ঘটলে ১২ নভেম্বর ২০১৭ খ্রি. রবিবার, বিকেল ৩ টায় হেলিকপ্টার যোগে তাঁকে ঢাকাস্থ স্কয়ার হাসপাতালে পাঠানো হয়। এসময় চট্টগ্রাম সিটি কর্পোরেশনের মেয়র আ জ ম নাছির উদ্দীন, চট্টগ্রাম উত্তর জেলা আওয়ামীলীগের সভাপতি নুরুল আলম চৌধুরী, দক্ষিণ জেলা আওয়ামীলীগের সাধারণ

সম্পাদক মফিজুর রহমান, সাবেক উপজেলা চেয়ারম্যান আলহাজ্ব মো. গিয়াস উদ্দিন, সাবেক মেয়র আলহাজ্ব এ বি এম মহিউদ্দিন চৌধুরীর পুত্র বোরহান উদ্দিন চৌধুরী সালেহিন, জামাতা ডা. সেলিম আকতার চৌধুরী, মেয়ে লিজা সহ পরিবারের সদস্যবৃন্দ, আওয়ামীলীগ নেতা জামশেদুল আলম চৌধুরী, চট্টগ্রাম সিটি কর্পোরেশন এর কাউন্সিলর মো. গিয়াস উদ্দিন, হাসান মুরাদ বিপ্লব, মোরশেদ আকতার চৌধুরী, জহুরুল আলম জসিম, মহানগর যুবলীগের আহবায়ক মহিউদ্দিন বাচ্চু, চট্টগ্রাম মহানগর ছাত্রলীগের সাবেক সভাপতি এম আর আজিম, সাবেক কেন্দ্রীয় যুবলীগ নেতা আবদুল্লাহ আল মামুন চৌধুরী, হেলাল উদ্দিন আকবর চৌধুরী বাবর, মহানগর ছাত্রলীগের সভাপতি ইমরান আহমদ ইমু সহ আওয়ামীলীগ, আওয়ামীযুবলীগ, আওয়ামী স্বচ্ছাসেবকলীগ, জাতীয় শ্রমিকলীগ ও ছাত্রলীগের নেতৃবৃন্দ উপস্থিত ছিলেন। সাবেক মেয়রকে ঢাকা প্রেরনের প্রাক্কালে মেয়র আ জ ম নাছির উদ্দীন সাবেক মেয়রের আরোগ্য কামনায় চট্টগ্রামবাসী সহ সকলের নিকট দোয়া কামনা করেন।

সংবাদদাতা

মো. আবদুর রহিম

জনসংযোগ কর্মকর্তা